ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম, বাংলাদেশ।

স্মারকনং : একা বৃত্তি-৫৩৬/২০২৫/৬৭৭০ (৮৫)

তারিখ ঃ ২৪.০৬.২০২৫

বরাবর,
১. সভাপতি, সকল বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
২. পরিচালক, সকল ইনস্টিটিউট, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

বিষয় ঃ সেকান্দর সাফিয়া ট্রাস্ট কর্তৃক "আবুল কাশেম হায়দার শিক্ষা উন্নয়ন বৃত্তি" প্রদান সম্পর্কিত।

মহোদয়,
সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে সন্দ্বীপের অধিবাসী যে সকল ছাত্র/ছাত্রী অনার্স পরীক্ষায় ১ম শ্রেণিতে সর্বোচ্চ সিজিপিএ অর্জন করে এ বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর কোর্সে অধ্যয়নরত আছে সে সকল ছাত্র/ছাত্রীদের জন্য ১২.০৮.২০০২ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৩৯০তম সভার ৫৯ নং সিদ্ধান্ত অনুসারে ব্যাংকে স্থায়ীভাবে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার এক বৎসরের লভ্যাংশ পরিমাণ টাকা নিম্নেবর্ণিত শর্ত সাপেক্ষে সেকান্দর সাফিয়া ট্রাস্ট কর্তৃক "আবুল কাশেম হায়দার শিক্ষা উন্নয়ন বৃত্তি" প্রদানের সিদ্ধান্ত আছে।

**ঃ শর্তাবলী ঃ**

১. অনার্স পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত সন্দ্বীপের মেধাবী ছাত্র/ছাত্রীদের মধ্যে বাছাই করে একজন ছাত্র/ছাত্রীকে এ বৃত্তি প্রদান করা হবে।
২. একই সিজিপিএ প্রাপ্ত ছাত্র/ছাত্রী হলে তাদের পূর্ববর্তী পরীক্ষার জিপিএ মূল্যায়ন করে সর্বোচ্চ জিপিএ প্রাপ্ত ছাত্র/ছাত্রীকে এ বৃত্তি দেয়া হবে।
৩. ব্যাংকে স্থায়ীভাবে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার এক বৎসরের লভ্যাংশ পরিমান টাকা বৃত্তি হিসাবে প্রদান করা হবে।

অতএব, উপরোক্ত শর্ত সাপেক্ষে ২০২২ এবং ২০২৩ সালের অনার্স পরীক্ষায় ১ম শ্রেণিতে সর্বোচ্চ সিজিপিএ অর্জন করে স্নাতকোত্তর কোর্সে অধ্যয়নরত আছে সে সকল ছাত্র/ছাত্রীকে আবেদনের সাথে সকল মার্কশীটের ফটোকপি সংযুক্ত করে সংশ্লিষ্ট বিভাগীয় শিক্ষকের দ্বারা সত্যায়িত করে আগামী ০৩ জুলাই ২০২৫ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

File

২৪-৬-২৫

(এস. এম. আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

Sultan
24.06.2025